



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
সিটি কর্পোরেশন-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

পত্র সংখ্যা: ৪৬.০০.০০০০.০৭১.০১.০০১.২০১২ (অংশ-১).৫৮৫

তারিখ: ৩০ ভাদ্র ১৪২৮
১৫ সেপ্টেম্বর ২০২১

বিষয়: বাংলাদেশ রেলওয়ের পূর্বাঞ্চল কর্তৃক পৌরকর ও রেইট পরিশোধ প্রসংগে।

সূত্র: বাংলাদেশ রেলওয়ের পত্র সংখ্যা; ৫৪.০০.০০০০.০০৯.১৪.০২৫.২০২১-২০০, তারিখ: ৮ আগস্ট ২০২১।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ১০.০৪.২০০৫ তারিখে অর্থ মন্ত্রণালয়ে অনুষ্ঠিত আন্তঃমন্ত্রণালয় সভায় ভূমি উন্নয়ন কর পরিশোধ সংক্রান্ত সভার সিদ্ধান্ত নিম্নরূপ:

সিদ্ধান্ত ৫.৬ – ৩০ জুন, ২০০৫ পর্যন্ত বাংলাদেশ রেলওয়ের নিকট প্রাপ্য সকল বকেয়া পৌরকর মওকুফের সুপারিশ গৃহীত হয়। বকেয়া পৌরকর মওকুফ (Write off) করার আনুষ্ঠানিক প্রস্তাব স্থানীয় সরকার বিভাগ হতে অর্থ বিভাগে প্রেরণ করা হবে। জুলাই, ২০০৫ হতে বাংলাদেশ রেলওয়ের প্রচলিত আইন মোতাবেক যথারীতি স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের অধীনস্থ সকল স্থানীয় সরকার কর্তৃপক্ষের নিকট রেলওয়ে কর্তৃক গৃহীত পৌর সেবা সমূহের জন্য পৌর কর পরিশোধ করবে। অর্থ মন্ত্রণালয়ের পক্ষ হতে বাংলাদেশ রেলওয়ের অনুকূলে আগামী ১ম জুলাই ২০০৫ হতে পৌর করের জন্য বাজেট বরাদ্দ দেয়া হবে। যোগাযোগ মন্ত্রণালয় অর্থ বিভাগে সংশ্লিষ্ট বাজেট অনুবিভাগে প্রয়োজনীয় বরাদ্দ চেয়ে প্রস্তাব প্রেরণ করবে।

এমতাবস্থায়, অর্থ মন্ত্রণালয়ে গত ১০.০৪.২০০৫ তারিখে অনুষ্ঠিত আন্তঃমন্ত্রণালয় সভার সিদ্ধান্তের বিষয়ে জরুরী ভিত্তিতে মতামত প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

মোহাম্মদ জহিরুল ইসলাম
উপসচিব

ফোন: ৯৫৪৫৪১৬

ই-মেইল: lgcc2@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা
চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

অনুলিপি-সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

- ১। সচিব, রেলপথ মন্ত্রণালয়, রেল ভবন, ঢাকা।
- ২। অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ।
- ৩। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
- ৪। সহকারী প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে আপলোড করার অনুরোধসহ)।